মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : উমা/পরী/২০২৬/২০৬৭ তারিখ : ০৪/১১/২০২৬ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৬ (সাপ্লিমেন্টারি)- এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২৬ খ্রিস্টাব্দের এইচএসসি ও সমমান পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে যারা অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতীত) হয়েছে তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী **০১/১২/২০২৬** খ্রি. থেকে শুরু হবে। এ লক্ষ্যে ২০২৬ খ্রিস্টাব্দের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

১। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ শিক্ষাবোর্ডের প্রদেয় মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে কুমিল্লা শিক্ষাবোর্ডের সচিবের অনুকূলে প্রেরিত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

২। ২০২৬ খ্রিস্টাব্দের এইচএসসি পরীক্ষা শুরুর তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৩। **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ও ফরম পূরণ:** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (www.comillaboard.gov.bd)- এ অতি শীঘ্রই প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে **০৫/১১/২০২৬ খ্রি. থেকে ০৯/১১/২০২৬** খ্রিস্টাব্দের মধ্যে অনলাইনে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ(eFF) সম্পন্ন করতে হবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমার সর্বশেষ তারিখ: **১০/১১/২০২৬ খ্রি.**। পরীক্ষার ফি ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Candidate list Print Active হবে। Final Candidate List প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

৪। পরিক্ষার্থীর স্বাক্ষরসংবলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) কপি সংরক্ষণ করতে হবে।

৫। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্নোক্ত ছকে দেওয়া হলো:

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন "সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেওয়ার তারিখ: (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	০৫/১১/২০২৬ হতে ০৯/১১/২০২৬
(খ)	"সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	১০/১১/২০২৬

৬। সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৭। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত:** নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সাপ্লিমেন্টারি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮। **সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো :**

ক্রমিক	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতি পত্র/বিষয়)
০১	তত্ত্বীয়: নিয়মিত পরীক্ষার্থী ও অনিয়মিত	১২৫/-
০২	ব্যবহারিক: নিয়মিত পরীক্ষার্থী ও অনিয়মিত	২৫/-

৯। **কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :**

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

(খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। শিক্ষাবোর্ড হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১০। **পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী সংক্রান্ত :**

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ড সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে "সোনালী সেবার" মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনক্রমেই নগদ টাকা, পেঅর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(গ) এ বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৪/১১/২৬

প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২

04.11.26

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫. জেলা প্রশাসক, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৬. পুলিশ সুপার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৮. অধ্যক্ষ, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৯. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১১. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, বিআইএসই শাখা, কুমিল্লা
১২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যামিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১৩. অফিস কপি।

০৫.১১.২৬

মোসা: পাপিয়া আক্তার
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চমাধ্যমিক)
(অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা